৩৩৭

দৈনিক সংবাদ

তারিখ ... ... SEP. 27.199[illegible]
পৃষ্ঠা 1 কলাম 2

# টাঙ্গাইলে শিক্ষক কর্মচারীদের ৩ ঘণ্টা কর্মবিরতি

**টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ** শতকরা ১শ' ভাগ বেতন ভাতাসহ ১৫ দফা দাবিতে ২৩শে সেপ্টেম্বর শিক্ষক সমিতি ফেডারেশনের ডাকে জেলার বেসরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক এবং মাদ্রাসার শিক্ষক-কর্মচারীরা ৩ ঘণ্টা কর্মবিরতি পালন করেন। ফলে জেলার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এদিন কার্যত কোন ক্লাস হয়নি।

মধুপুর, ভুয়াপুর, ঘাটাইল, কালিহাতি, মির্জাপুর, দেলদুয়ার, নাগরপুর, বাসাইল, টাঙ্গাইল সদর ও গোপালপুরসহ জেলার বিভিন্ন এলাকায় কর্মবিরতিকালে শিক্ষকরা তাদের দাবির সমর্থনে ছাত্র-শিক্ষক অভিভাবক সমাবেশ করেন। এ সমস্ত সমাবেশে সরকারের প্রতি অবিলম্বে ১৫ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানানো হয়।